



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০৮/২০১৯ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪ তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯। জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিত ভাবে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা এবং কালো পতাকা উত্তোলন করা হয়, একইসাথে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের যেসকল সদস্য শাহাদাত বরণ করেছেন তাঁদের রুহের মাগফেরাত কামনায় পবিত্র কুরআন খতমের আয়োজন করা হয়। শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকাল ৯.৩০ টায় শোক র্যালির আয়োজন করে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান-এর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য কালো ব্যাজ ধারণ করে শোক র্যালিতে অংশ নেয়। র্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন মহাসড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অস্থায়ী ভাবে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতির সামনে এসে শেষ হয়। শোক র্যালি শেষে মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান বিভিন্ন অনুষ্ঠানের ডিন, প্রক্টর, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেষ্টা, দপ্তর প্রধান, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়ে বঙ্গবন্ধু এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২৪টি বিভাগ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পুষ্পস্তবক অর্পণ শেষে সকাল ১০.৩০ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে উপস্থিত সবাই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদাত বরণ করেন তাঁদের স্মরণে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করেন। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। বক্তব্যের শুরুতে মাননীয় উপাচার্য মহোদয় ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের যে সকল সদস্য শাহাদাত বরণ করেছেন তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। একইসাথে উপাচার্য মহোদয় ১৫ আগস্ট হত্যাকাণ্ডের কুশীলবদের প্রতি ধিক্কার ও ঘৃণা প্রকাশ করেন এবং এ হত্যাকাণ্ডের সাথে জড়িত যারা এখনো বিচারের আওতায় আসেনি তাদেরকে অচিরেই দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করার জন্য সরকারের প্রতি উদাত্ত আহ্বান জানান। উপাচার্য মহোদয় বলেন, মুক্তিযুদ্ধের স্বপ্নের শক্তি তথা আওয়ামীলীগকে বারবার ক্ষমতায় রাখতে হবে, কেননা দেশের চলমান উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ থেকে উন্নত দেশে পরিনত হতে হলে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কোন বিকল্প নেই। শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হলে আমাদের প্রত্যেকে প্রত্যেকের অবস্থান থেকে দায়িত্ব পালন করে যেতে হবে। আর তাহলেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা নির্মাণ সম্ভব হবে। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মুহাঃ ইলিয়াস মাহমুদ, অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জ্যোতির্ময় বিশ্বাস, লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান রিফাত মাহমুদ, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা আহবায়ক কমিটির সদস্য-সচিব মোহাম্মদ তানভীর কায়সার, কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের আহবায়ক বাহাউদ্দীন গোলাপ, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ আতিকুর রহমান, কর্মকর্তাদের মধ্যে সৈয়দা ফাতেমা মমতাজ মলি, মধুসূদন হালদার, শিক্ষার্থীদের মধ্যে উদ্ভিদবিজ্ঞান বিভাগের মিশাল বিন সলিম, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের পক্ষে মাহাতাব জিয়াউদ্দিন বিপ্লব, গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সহ-সভাপতি হাসানুল বাশার শোয়েব। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন সহকারী রেজিস্ট্রার মোঃ মিলন। আলোচনা সভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদাত বরণ করেছেন তাঁদের রুহের মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে উপাচার্য মহোদয় বরিশাল নগরীর বিবির পুকুর পাড়ে অবস্থিত বাংলাদেশ আওয়ামীলীগ এর দলীয় কার্যালয়ের সম্মুখে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও কৃষককুলের নয়নের মনি শহীদ আবদুর রব সেরনিয়াবাত এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস